গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
নীলফামারী সরকারি কলেজ।

বিজ্ঞপ্তি নং- নীঃসঃকঃ ১৩৩/২০২৩

তারিখ- ০৭/০৫/২০২৩

২০২৩ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচ.এস.সি) পরীক্ষায় অংশগ্রহনেচ্ছুক প্রাইভেট পরীক্ষার্থীদের রেজিষ্ট্রেশন সংক্রান্ত নিয়মাবলীঃ

মোট রেজিস্ট্রেশন ফি ৭২০/- (সাতশত বিশ টাকা)

(তালিকাভুক্তি ফি ১০০/-, ব্যবস্থাপনা ফি ৫০/-, পরিবহন ফি ৫০/- ও নির্বাচনী পরীক্ষার ফি ৫২০/-)

তফশীলঃ

রেজিষ্ট্রেশন ফি জমা, ফরম গ্রহণ ও জমার তারিখ ঃ ০৮/০৫/২০২৩ হতে ১৬/০৫/২০২৩ খ্রি. পর্যন্ত

(ফরম গ্রহণ ও জমার স্থান ঃ দর্শন বিভাগ, নীলফামারী সরকারি কলেজ)

শর্তাবলীঃ

১. মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমান পরীক্ষা- ২০১৮ এবং তৎপূর্ববর্তী বছরের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থী ২০২৩ সালের এইচএসসি পরীক্ষায় প্রাইভেট পরীক্ষার্থী হিসাবে রেজিষ্ট্রেশন করতে পারবে তবে উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষা ২০১৭ এবং তৎপূর্ববর্তী বছর এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ ২০২৩ সালের এইচএসসি পরীক্ষায় প্রাইভেট পরীক্ষার্থী হিসাবে রেজিষ্ট্রেশন করতে পারবে।

২. প্রাইভেট পরীক্ষার্থীদেরকে ২০২৩ সালের পাঠ্যসূচি অনুযায়ী এইচএসসি পরীক্ষা-২০২৩ এ অংশগ্রহণ করতে হবে। বোর্ড কর্তৃক প্রণীত পরীক্ষা পরিচালনার নিয়মাবলি প্রাইভেট পরীক্ষার্থীদের বেলায়ও প্রযোজ্য হবে।

৩. প্রাইভেট পরীক্ষার্থীরা কেবলমাত্র মানবিক, ব্যবসায় শিক্ষা ও ইসলাম শিক্ষা শাখায় পরীক্ষা দিতে পারবে। যে সকল বিষয়ে ব্যবহারিক পরীক্ষা আছে (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যতিত) সে সমস্ত বিষয়/বিষয়সমূহ নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। প্রাইভেট পরীক্ষার্থীগণ চতুর্থ বিষয় গ্রহণ করতে পারবে না।

৪. বোর্ডের কোন কর্মচারী কর্মরত অবস্থায় নিজ বোর্ড থেকে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না তবে ইচ্ছা করলে নিজ নিয়োগকারী কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে বাংলাদেশের অন্য যে কোন বোর্ড থেকে পরীক্ষায় অংশগ্রহন করতে পারবে।

৫. প্রাইভেট পরীক্ষার্থীদেরকে নির্বাচনী পরীক্ষায় অবশ্যই অংশগ্রহণ করতে হবে।

যে সমস্ত (কাগজপত্র/ দলিল) প্রমাণাদি সংযুক্ত করতে হবে ঃ

৬. ক) মাধ্যমিক বা সমমানের পরীক্ষা পাসের সত্যায়িত মূল নম্বরপত্র দাখিল করতে হবে। যে সকল পরীক্ষার্থী ১৯৯৫ সালের পূর্বে এসএসসি পরীক্ষায় উর্ত্তীণ হয়েছে তাদের মূল নম্বরপত্র সংশিষ্ট শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক সত্যায়িত করতে হবে এবং মূল নম্বরপত্রের অপর পৃষ্ঠায় পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক Verified and Found Correct লেখা থাকতে হবে কোক্রমেই মাধ্যমিক পরীক্ষা বা সমমানের কোন সনদপত্র গ্রহণ করা হবে না।

খ) যে সকল পরীক্ষার্থী কারিগরি শিক্ষা বোর্ড এবং উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে এসএসসি সমমানের পরীক্ষায় উর্ত্তীর্ণ হয়েছে তাদের মুল নম্বরপত্র সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক সত্যায়িত করতে হবে এবং মূল নম্বরপত্রের অপর পৃষ্ঠায় পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক Verified and Found Correct লেখা থাকতে হবে।

গ) যে সকল পরীক্ষার্থী ১৯৯৯ সালের পূর্বে মাদ্রাসা শিক্ষা বোর্ড থেকে এসএসসি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তাদের মূল নম্বরপত্র সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক সত্যায়িত করতে হবে এবং মূল নম্বরপত্রের অপর পৃষ্ঠায় পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক Verified and Found Correct লেখা থাকতে হবে।

ঘ) যে সকল পরীক্ষার্থী ২০১৮ সালের এসএসসি পরীক্ষার্থীদের মূল প্রবেশপত্র আবেদন ফরমের সাথে জমা দিতে হবে।

ঙ) বাংলাদেশের আওতাধীন অনুমোদিত কোন কলেজের অধ্যক্ষ/অত্র বোর্ডের কোন সদস্য অথবা কোন সরকারি গেজেটেড অফিসারের নিকট হতে প্রার্থীর চরিত্র, আচরণ, প্রার্থিত পরীক্ষার অন্ততপক্ষে দুই বছর পূর্ব পর্যন্ত কোন অনুমোদিত কলেজে শিক্ষার্থীছিল না এবং প্রার্থী কোন পরীক্ষায় বহিষ্কার হয়নি অথবা হয়ে থাকলেও এর মেয়াদ শেষ হয়ে গেছে এবং ২০২৩ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষার জন্য অযোগ্য ঘোষিত হয়নি এ মর্মে প্রত্যায়ন পত্র দাখিল করতে হবে। ভূয়া তথ্য প্রদান করলে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

চ) প্রার্থীর সম্প্রতিকালে উঠানো ২(দুই) কপি পাসপোর্ট সাইজের ছবির সম্মুখভাগে নিজের নাম স্বাক্ষর করতে হবে এবং তা সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত করে আইকা আঠা দিয়ে আবেদন ফরমে আটকিয়ে দিতে হবে।

ছ) শিক্ষক প্রার্থীদের বেলায় কোন অনুমোদিত বিদ্যালয়ে চাকুরীর মেয়াদ বিজ্ঞপ্তি জারির তারিখে অন্তত তিন বছর পূর্ণ হয়েছে এ মর্মে নিজ জেলা শিক্ষা অফিসারের সীল ও স্বাক্ষরযুক্ত সার্টিফিকেট দিতে হবে।

জ) পুলিশ ও প্রতিরক্ষা বাহিনীর প্রার্থীদের বেলায় বিজ্ঞপ্তি জারির তারিখে কমপক্ষে এক বছর যাবত সক্রিয়ভাবে চাকুরীতে আছে এ মর্মে পুলিশ সুপার/কমান্ডিং অফিসারের সমপর্যায়ের কর্মকর্তার সীল স্বাক্ষর যুক্ত সার্টিফিকেট দিতে হবে।

ঝ) কোন শারীরিক প্রতিবন্ধী দৃষ্টি প্রতিবন্ধী পরীক্ষার্থী শ্রুতি লেখক (স্ক্রাইব) সঙ্গে নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে চাইলে পরীক্ষা পরিচালনা নীতিমালা মোতাবেক ব্যবস্থা করতে হবে। এ ক্ষেত্রে দশম শ্রেণীতে অধ্যায়নরত ছাত্রী/ছাত্রীকে শ্রুতি লেখক (স্ক্রাইব) নিযুক্ত করতে হবে।

৭. প্রাইভেট পরীক্ষার্থীদেরকে বোর্ড কর্তৃক নির্ধারিত তারিখের মধ্যে নির্বাচিত কলেজের মাধ্যমে রেজিষ্ট্রেশন করতে হবে। উক্ত রেজিষ্ট্রেশন শুধুমাত্র একটি পরীক্ষার জন্য বলবৎ থাকবে।

৮. প্রাইভেট পরীক্ষার্থীদের গৃহীত বিষয় সমূহ পাঠ্যসূচীতে উল্লিখিত গুচ্ছ মোতাবেক হতে হবে। গুচ্ছ বহির্ভূত বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করলে পরীক্ষা বাতিল বলে গণ্য হবে।

৯. প্রাইভেট পরীক্ষার্থীরা যে কলেজের মাধ্যমে নির্বাচিত হবে সে কলেজের জন্য নির্ধারিত কেন্দ্রে তারা পরীক্ষায় অংশগ্রহণ করবে। কোন অবস্থাতেই কেন্দ্র পরিবর্তন করা যাবে না।

১০. নির্বাচিত প্রাইভেট পরীক্ষার্থীগণ বোর্ডের পরীক্ষা সংক্রান্ত নিয়মাবলী মেনে চলতে বাধ্য থাকবে। কোন কারণ না দেখিয়ে যে কোন পরীক্ষার্থীর আবেদন ফরম বাতিল করার ক্ষমতা বোর্ড সংরক্ষণ করে।

প্রতিস্বাক্ষর
০৭/০৫/২০২৩
(প্রফেসর মোঃ দিদারুল ইসলাম)
অধ্যক্ষ
নীলফামারী সরকারি কলেজ, নীলফামারী।

৭/০৫/২০২৩
(মোঃ সামসুল আলম)
আহবায়ক
দ্বাদশ পরীক্ষা ও উচ্চ মাধ্যমিক ফরম পূরণ কমিটি/২০২৩
নীলফামারী সরকারি কলেজ, নীলফামারী।